উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০২.২০১৭-৭২১(৪০)    তারিখ-২৩/০৬/২০২৫ খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী-২৫/০৬/২০২৫ খ্রিঃ তারিখ রোজ-বুধবার সকাল ১১.৩০ টায় উপজেলা পরিষদের জুন/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভা নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্ত।
৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী বিষয়ক আলোচনা।
৪। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে।
৫। বিবিধ আলোচনা।

২৩/০৬/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☎-০২৫৮৮৮৭৮৫৫৫

প্রাপকঃ ..............................................

..............................................
বোচাগঞ্জ, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

১। জেলা প্রশাসক, দিনাজপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৩। অফিস কপি।

CamScanner

উপজেলা পরিষদ সভাকক্ষ, চিরিরবন্দর, দিনাজপুর অক্টোবর/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর

পৃষ্ঠা নং [illegible]-১১-৬০

তারিখ ২৫ ০৯ ২০২৫

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১/ | প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা বোচাগঞ্জ, দিনাজপুর | | |
| ০২/ | জনাব মোঃ মাহমুদ নেওয়াজ পারভেজ চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ | | [illegible] |
| ০৩/ | জনাব উৎপল রায় বুলু চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ | ০১৭১৮৩৭০৭৭৮ | [illegible] |
| ০৪/ | জনাব মোঃ ওয়াহেদুজ্জামান মাসুদ চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ | | [illegible] |
| ০৫/ | জনাব মোঃ নুরুন নবী চৌধুরী এমিল চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ | 0171619426৩ | [illegible] |
| ০৬/ | জনাব মোঃ হাবিবুর রহমান হবু চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ | 01716308560 | [illegible] |
| ০৭/ | জনাব নিমাই চন্দ্র দেবশর্মা চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ | | |

উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর এর জুন/২০২৫ মাসের মাসিক সাধারণ সভায় উপস্থিতি

| পৃষ্ঠা নং | ১০২৫-১১.৬০ | |
|---|---|---|
| তারিখ | ২৫ ০৬ ২০২৫ | |

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১/ | জনাব মোঃ মাহমুদ হাসান, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ | | |
| ০২/ | কৃষিবিদ নয়ন কুমার সাহা, UAO, বোচাগঞ্জ | [illegible] | |
| ০৩/ | মো: হুমায়ুন কবির, উপজেলা প্রকৌশলী | 01988-111108 | |
| ০৪/ | মো: কামরুজ্জামান, উপ-সহকারি প্রকৌশলী, (বেসরকারী) | 01705-876718 | |
| ০৫/ | মোছা. জেবুন নেছা আবেদীন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01716685695 | |
| ০৬/ | মো: সাইদুজ্জামান জাহিদ, URDO, BRDB | 01717729883 | |
| ০৭/ | মো: আসাদুজ্জামান নূর, পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01723695459 | |
| ০৮/ | মোছা: হুমায়রা আখতার বানু, ভার: মৎস্য অফিসার | 01777647011 | |
| ০৯/ | মো: সাইদুর রহমান, সহকারী পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক | 01716819477 | |
| ১০/ | মো: তরিকুল ইসলাম, কম্পিউটার, যুব উন্নয়ন অফিস | 01737731316 | |
| ১১/ | মো: হুমায়ুন আলী, সহকারী পরিদর্শক, সমবায় অফিস | 01737-456185 | |
| ১২/ | [illegible] মিজানুর রহমান [illegible] | 01713825160 | |
| ১৩/ | মো: আবুল হোসেন [illegible], উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌ: অধি: | 01780755050 | |
| ১৪/ | মো: তৌহিদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার | 01755383239 | |
| ১৫/ | মো: আবু বকর সিদ্দিক, UEO | 01741750141 | |
| ১৬/ | মো: আনিছুর রহমান, সমাজসেবা অফিসার | 01717699671 | |
| ১৭/ | [illegible] ৭ নং [illegible], শ্রী বিজেন্দ্র কুমার সরকার | [illegible] | |
| ১৮/ | ডা: মো: আবু হায়াত বিন [illegible] ULO, বোচাগঞ্জ | 01760981704 | |
| ১৯/ | মো: তৌহিদুল ইসলাম PIO, বোচাগঞ্জ | 01782162637 | |
| ২০/ | | | |
| ২১/ | | | |
| ২২/ | | | |
| ২৩/ | | | |
| ২৪/ | | | |
| ২৫/ | | | |
| ২৬/ | | | |

CamScanner

## উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এর জুন/২০২৫ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃখসড়া কপি

সভাপতি ঃ মোঃ মারুফ হাসান
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২৫/০৬/২০২৫ খ্রিঃ।
সময় ঃ সকাল-১১.৩০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা 'খ' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর সভা পরিচালনা করেন।

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ<br>গত-২২/০৫/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় ২৫/০৬/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | গত-২২/০৫/২০২৫ খ্রিঃ তারিখের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় ২৫/০৬/২০২৫ খ্রিঃ তারিখের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০২. | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলার সকল দপ্তর প্রধানদের তাদের নিজ নিজ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবং তাদের সেবাসমূহ প্রচারের মাধ্যমে জনসাধারণকে জানানোর পাশাপাশি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সকল দপ্তর প্রধানকে তাদের সেবাসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা করাসহ উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এবং সকল দপ্তর প্রধানগণ। |
| | উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত দপ্তরসমূহের কার্যক্রম প্রসঙ্গে ঃ | | |
| ০৩. | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে বিভিন্ন খাতে ব্যয়িত অর্থের অনুমোদন সংক্রান্তঃ ১। উপজেলা পরিষদ কার্যালয় এর মে/২০২৫ খ্রিঃ মাসের অফিস আপ্যায়ন বাবদ ব্যয়=৩৮,০০০/-টাকা। ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় মে/২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক বাবদ ব্যয়=৫,০০০/- টাকা। ০৩। উপজেলা পরিষদ কার্যালয়ের মালী এর মে/২০২৫ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে ব্যয় (২৯দিন×৫৫০) =১৫,৯৫০/-টাকা। ০৪। উপজেলা পরিষদ কার্যালয়ের সুইপার/পরিচ্ছন্নকর্মী এর মে/২০২৫ খ্রিঃ মাসের দৈনিক মজুরি ভিত্তিতে বিল (২৯দিন×৫৫০)= ১৫,৯৫০/-টাকা। ০৫। উপজেলা পরিষদ কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা প্রহরী (আনসার) এর মে/২০২৫ খ্রিঃ মাসের বিল =৮,৩০৮/-টাকা মাত্র। ৬। উপজেলা পরিষদ কার্যালয় বোচাগঞ্জ, দিনাজপুর এর নিরাপত্তা প্রহরী (আনসার) এর উদ-উল আযহার উৎসব ভাতা=৮,৩০৮/- টাকা মাত্র। ৭। উপজেলা পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর এর ১৪৩১ বাংলা সনের ভূমি উন্নয়ন কর =৩৪,৬২৪/৮৭ টাকা মাত্র। ৮। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসুচীর (এডিপি) এর ২টি পত্রিকায় প্রকাশের বিল =২১,৬৬৬/- টাকা মাত্র। ৯। উপজেলা পরিষদ চত্বরে পাবলিক লাইব্রেরি স্থাপনের জন্য পত্রিকার প্রকাশের বিল=৯,৬৬০/- টাকা মাত্র। ১০। উপজেলা পরিষদ কার্যালয় ও উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টারের কম্পিউটার মেরামত ও সার্ভিসিং বাবদ ব্যায়=২৫,০০০/- টাকা মাত্র। ১১। ২০২৪-২০২৫ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় বাসাবাড়ী মেরামত /সংস্কার খাত হতে পুরাতন উপজেলা পরিষদ কার্যালয়ের মৎস্য অফিস ও পল্লী দারিদ্র বিমোচন অফিস মেরামত /সংস্কার (কোটেশ এর মাধ্যমে)=৪,৪২,৫৮৯/- টাকা মাত্র। ১০। | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৪. | উপজেলা প্রকৌশলী দপ্তর ঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২৪-২৫অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে 'উপজেলা উন্নয়ন সহায়তা' খাতের আওতায় 'অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' উপখাত হতে বোচাগঞ্জ উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য ৫৩,০০,০০০/-(তিপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায় এবং সে অনুযায়ী প্রাক্কলন ঢাকা থেকে সরবরাহ করা হয়। কিন্তু সরজমিনে কাজ করতে গিয়ে দেখা যায় প্রাক্কলনে বেশকিছু আইটেম যেমন- সেপটিক ট্যাংক, সোকওয়েল, ভূমি অনুযায়ী পিএল লেভেলের হাইট কম, টিউবওয়েলের ব্যবস্থা এবং মোটর ধরা নাই। এমতাবস্থায় উপজেলা প্রকৌশলী উক্ত আইটেম সমূহ অন্তর্ভূক্ত করে বরাদ্দকৃত টাকার মধ্যে বিল পরিশোধের ব্যবস্থা রেখে প্রাক্কলনের | সভায় বিস্তারিত আলোচনান্তে, যেহেতু উল্লেখিত আইটেম সমূহ ছাড়া বিল্ডিং এর কাজ অসম্পূর্ণ থাকবে এবং ব্যবহার উপযোগী হবে না। তাই উল্লেখিত আইটেম অন্তর্ভূক্ত করে রিভাইজ প্রাক্কলন অনুমোদন দেওয়া হলো এবং সেই অনুযায়ী উপজেলা প্রকৌশলীকে কাজ বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর এবং উপজেলা প্রকৌশলী, বোচাগঞ্জ, দিনাজপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| রিভাইজ কপি অনুমোদনের প্রস্তাব পরিষদে উপস্থাপন করেন। | | |
| পূর্বের প্রাক্কলিত মূল্য=৫৩,০০,০০০/-<br>পূর্বের চুক্তি মূল্য= ৫০,৩৫,০০০/- | | |
| রিভাইজ প্রাক্কলতি মূল্য=৫৫,৬৭,২২৭.৮১<br>রিভাইজ চুক্তি মূল্য=৫২,৮৮,৮৬৬.৪২ | | |
| সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, এত্র উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম স্বাভবিকভাবে চলছে। উপজেলা প্রকৌশল দপ্তরের কার্যক্রম নিম্নে প্রদত্ত হলো ও পদ্ধতি ভিত্তিক অগ্রগতি নিম্নোক্ত ছকে উল্লেখ পূর্বক আলোচনা হয়। | | |

<u>চলমান স্কীম সমূহ</u>

| ক্রঃ নং | প্রকল্পের নাম | মোট প্রকল্প সংখ্যা | চলমান | সমাপ্ত | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ | ০২ | - | ০২ | ৮০% | |
| ২ | প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-৪ এর আওতায় সীমান প্রাচীর ও গেট নির্মাণ | ০৮ | ০৬ | ২ | ৮০% | |
| ৩ | বৃহত্তর রংপুর বিভাগীয় প্রকল্প (RDRIIP-2) (২০২৩-২০২৪)। | ০৩ | ০৩ | - | ৫০% | |
| ৪ | অগ্রাধিকার ভিত্তিতে পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (IRIDP-3) | ১৩ | ০১ | ১২ | ৯০% | |
| ৫ | EDC প্রকল্পের আওতায় জয় ডি-সেন্টার নির্মাণ | ০১ | ০১ | - | ৫০% | |
| ৬ | SupRB প্রকল্পের আওতায় ৩০মিঃ গার্ডার ব্রিজ নির্মাণ ও বক্স কালভার্ট মেরামত | ০১ | ০১ | - | ৯০% | |
| ৭ | বৃহত্তর দিনাজপুর জেলা প্রকল্প (GDDRIDP) | ০৫ | ০৫ | - | ২০% | |
| ৮ | সার্বজনিন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (GSDP-2) | ১৩ | ২ | ১১ | ৮০% | |
| ৯ | উপজেলা শহর (নন মিউনিসপাল) প্রকল্পের আওতায় পাবলিক টয়লেট নির্মাণ | ০৩ | ০১ | - | ৭০% | |

উপরোক্ত প্রকল্পের কার্যক্রম গুলি স্বাভাবিক ভাবে চলমান।

| | | | |
|---|---|---|---|
| ০৫. | <u>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে সরকার কর্তৃক ইপিআই টিকা কার্ড সরবরাহ হচ্ছেনা তাই উপজেলা পরিষদের অর্থায়নে ১,০০০টি টিকা কার্ড সরবরাহ করার জন্য সভায় আহ্বান জানান। বিনা মূল্যে পোটেবল এক্সরে করা হয়। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে হাসপাতালের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৬. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মে,২০২৫ খ্রিঃ মাসের সক্ষম দম্পতি=৩৫,৬২৭ জন, গ্রহণকারী=২৯,৪০২ জন, সি.এ.আর ৮২.৫৩% গর্ভবতী সংখ্যা=৮৯২ জন। কাজের অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধীকার ভিত্তিতে জনসেবা প্রদানের জন্য সভায় সর্বসর্ম্মতিক্রমে সিদ্ধান্ত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ০৭. | <u>উপজেলা কৃষি দপ্তর ঃ</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রবি ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় বিভিন্ন ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরিষা ১৮০০ জন, ভুট্রা ১১০০ জন, সূর্যমুখী ২০ জন, পেয়াজ ১০ জন এবং বোরো হাইব্রিড ১৫০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরন করা হয়েছে। রবি ২০২৪-২৫ অর্থ বছরে আলু ২৮০০ হেক্টর, সরিষা ৭৫০ হেক্টর, ভুট্রা ৫৪৮০ হেক্টর, গম ৫৪ হেক্টর, গম ৫৪ হেক্টর, পেয়াজ ১২২ হেক্টর, রসুন ১৪৩ হেক্টর, শাক-সবজি ৪৪০ হেক্টর আবাদ চলমান। আগামীতে খাদ্য ও পুষ্টির চাহিদা নিশ্চিতকরণ ও স্মার্ট কৃষি বিনির্মাণের নিমিত্তে বিভিন্ন প্রকল্পের আওতায় ৩১০টি সবজি ও ফল প্রদর্শনীর বিভিন্ন উপকরণ কৃষকের মাঝে বিতরন করা হয়েছে এবং বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। মাঠ ফসলের রোগ দমনে ব্যবস্থা রক্ষায় কৃষকদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। বর্তমানে সার, বীজ ও কীটনাশকের পর্যাপ্ত মজুদ রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সরকারী নির্দেশনা মোতাবেক যথাযথ ভাবে ফসল রক্ষার্থে কৃষক ভাইদের করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৮. | <u>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ</u> উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সামনে ঈদ-উল আয়হা উপলক্ষে খামারীগণ পর্যাপ্ত পরিমানে প্রাণী প্রস্তুত করেছেন। অত্র উপজেলার হাটগুলোতে মেডিকেল টিম বসতেছে ও সচেতনতামূলক লিফলেট বতরন চলছে। সামনে গরু ছাগলের ক্ষুরারোগ, লাম্পিস্কিন ডিজিজ ও রেবিস রোগের প্রাদুভাব দেখা দিতে পারে এজন্য অগ্রিম টিকাদান কর্মসুচীর বিকল্প নাই। সরকারী টিকা পর্যাপ্ত না হওয়ার দরুন উপজেলাা পরিষদের এডিপি এর বাজেট থেকে ৩,৮৮,১০০/- টাকার ৩৭০০ মাত্রার জলাতংক ক্ষুরা এবং এলএসডি রোগের টিকা উপজেলা পরিষদ হতে সরবরাহ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা চলমান কার্যক্রম শুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ০৯. | <u>উপজেলা মৎস্য দপ্তরঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে এপ্রিল/২০২৫ পর্যন্ত ০৪ ব্যাচে মেট ৮০ জনকে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এত্র দপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরে এপ্রিল/২০২৫ পর্যন্ত ২০০ জন মৎস্যচাষীর পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য সংশ্লিষ্ট বিভিন্ন আইন বাস্তবায়নে বাজার ও নদ-নদী পরিদর্শন ও অভিযান চলমান রয়েছে। বোচাগঞ্জ উপজেলা একটি সীমান্তবর্তী উপজেলা হওয়ায় ইলিশ পাচার রোধে উপজেলা মৎস্য কর্মকর্তা সংশ্লিষ্ট প্রশাসনের সহয়োগীতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কর্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সার্বিক বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ মৎস্য দপ্তরে সকল সরকারী কার্যক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০. | <u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (১) ভিডাব্লিউবি কার্যক্রমঃ অত্র উপজেলার ০৬টি ইউনিয়নের ২০২৪-২০২৫ অর্থ বছরের (জানুয়ারি/২০২৩ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত) ২৪ মাস মেয়াদী ভিডাব্লিউবি কার্ড সংখ্যা ২,২৫৮টি। ৬টি ইউনিয়ন ব্যবস্থাপক ডাচ বাংলা ব্যাংক এজেন্ট ব্যাংকিং সেতাবগঞ্জ শাখা, বোচাগঞ্জ, দিনাজপুর ১০ (দশ) টাকার হিসাব নং খোলা হয়েছে। ভিডাব্লিউবি জুলাই/২০২৪ হইতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত বরাদ্দ পাওয়া গেছে। ডিসেম্বর ২০২৪ মাসের ভিডিব্লিউবি চাল বিতরণ শেষ। ২০২৫-২০২৬ অর্থ বছরে ভিডাব্লিউবি অনলাইন চলছে। ২। মা ও শিশু ভাতা প্রদান কর্মসূচীর আওতায় বহুল প্রচার করে অনলাইনে মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরের ১নং মাফানগর ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ২নং ঈশানিয়া ইউনিয়ন প্রতি মাসে ০৯জন ০৯×১২= ১০৮ ০৯×১২=১০৮ জন, ৩নং মুশিদহাট ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৫নং ছাতইল জন, ৪নং আটগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৫নং ছাতইল ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, ৬নং রনগাঁও ইউনিয়নে প্রতি মাসে ০৯জন ০৯×১২=১০৮ জন, বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি ইউনিয়নে মে/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। অনলাইনে কাজ চলমান। ০৩। ২০২৪-২০২৫ অর্থ বছরে সেতাবগঞ্জ পৌরসভা মা ও শিশু ভাতা কর্মসুচীর আওতায় প্রতিমাসে ১৮জন, ১৮×১২=২১৬ জনের বরাদ্দ পাওয়া গেছে। মে/২০২৫ পর্যন্ত অনুমোদন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে। অনলাইনের কাজ চলমান রয়েছে। ৪। উপজেলা মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৪-২০২৫ অর্থ বছরে এপ্রিল/২০২৫ হতে জুন/২০২৫ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞাণ) বিষয়ে ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী ০৩(তিন) মাস মেয়াদী সেলাই প্রশিক্ষণ (দর্জি বিজ্ঞান) ফরম বিতরন চলছে। ৫। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্দ্ধক প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের ০২(দুই) টি ট্রেডে জানুয়ারি/২০২৩ হতে ফেব্রুয়ারি/২০২৩ পর্যন্ত ০২(দুই) মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় প্রতি কোর্সে ২৫ জন করে মোট ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের জন্য ১৭তম ও ১৮তম ব্যাচের ১। ক্রিস্টাল শো-পিচ ২। ফ্যাশান ডিজাইন কোর্সের কার্যক্রম মোট ৫০ জন প্রশিক্ষণার্থী কার্যক্রম শেষ হয়েছে নতুন করে প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশনা পাওয়া যায় নাই। ৬। পৌরসভায় ০১ টি ও ০৬ টি ইউনিয়নে ০৬ টি মোট=৭ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। ইহা ছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং সকল প্রকার জনস্বার্থে কার্যক্রম এবং দাপ্তরিক কার্যক্রম বিধি বিধান অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১১. | <u>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল প্রকার সরকারী কাজ কর্ম এবং জনসাধারণের সেবাসমুহ পালনসহ প্রয়োজনীয় কার্যক্রম নিম্নের ছকে তুলে ধরা হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে জনসাধারণের সেবাসমুহ সঠিকভাবে পালনসহ প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১২. | <u>উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরঃ</u> উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের কার্যক্রম নিয়ে বর্তমানে তেমন কোন সমস্যা নাই, সবকিছু সঠিকভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ইউনিয়ন হতে প্রকল্পের তালিকা পাওয়া গেছে অনুমোদনের জন্য জেলায় প্রেরন করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা প্রকল্প বাস্তাবায়ন দপ্তরের কার্যক্রম সরকার কর্তৃক নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৩. | <u>উপজেলা সমাজসেবা দপ্তরঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসার(অঃদাঃ), বোচাগঞ্জ, দিনাজপুর জনাব মোঃ আনিছুর রহমান সভায় জানান যে, সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতাধীন বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচির ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল পে-রোল প্রদান করার জন্য পত্র পাওয়া যায় এবং সেমতে পে-রোল প্রদান সম্পান্ন করা হয়েছে। পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস), পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের ঋণ আদায় ও বিনিয়োগ প্রকল্পের চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্প(মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) ঋণ আদায় সন্তোষজনক না। এছাড়াও উল্লিখিত খেলাপী ঋণ আদায়ের জন্য ঋণগ্রহীতাদের নামে নোটিশ প্রদানের জন্য আলোচনা করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকেদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের ঋণ আদায় ও বিনিয়োগ প্রকল্পের চলমান রয়েছে। আশ্রয়ণ প্রকল্প (মুরারীপুর মুক্তিযোদ্ধা আবাসন) | সভায় বিস্তারিত আলোচনান্তে, বয়স্কভাতা, বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষভাতা, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি | উপজেলা সমাজসেবা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |

(চলমান পতা-৩)

| | | | |
|---|---|---|---|
| | ঋণ আদায় সন্তোষজনক না। এছাড়াও উল্লিখিত খেলাপী ঋণ আদায়ের জন্য ঋণগ্রহীতাদের নামে নোটিশ প্রদানের জন্য আলোচনা করেন। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়িত ক্যান্সার/ কিডনী/ লিভার সিরোসিস/স্ট্রোকে প্যারালাইজড/ জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থবছরের ৩য় কিস্তির ১৭টি চেক পাওয়া যায়। চেক বিতরণ প্রক্রিয়াধীন। নতুন আবেদন গ্রহন চলমান আছে। এছাড়াও রোগীকল্যাণ সমিতি, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, বোচাগঞ্জ বহাল থাকায় অসহায় রোগীকে ঔষধ প্রদানের জন্য সহায়তা কার্যক্রম বিদ্যমান আছে আলোচনা করেন।<br>প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয়পত্রের জন্য নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ চলমান আছে। জরিপকৃত ফরম যাচাই-বাছাই পূর্বক আবেদনকৃতদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের পর পরিচয়পত্র প্রদান চলমান আছে এবং জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সমাজসেবা অধিদফতর,দিনাজপুর হতে প্রাপ্ত ১টি ট্রাইসাইকেল ও ৫টি হুইলচেয়ার প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে বিতরণের জন্য পাওয়া যায়। সেমতে আবেদন গ্রহণ ও বিতরণ প্রক্রিয়াধীন। | কর্মসূচির ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির নির্ভুল পে-রোল প্রদান করার জন্য পত্র মোতাবেক নির্ভুল পে-রোল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৪. | উপজেলা বন দপ্তর ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ১। বোচাগঞ্জ উপজেলার সংরক্ষিত বনভূমির পরিমাণ=১৮৪.৯৮ একর। ২। সামাজিক বনায়নের আওতায় স্ট্রিপ বাগানের পরিমাণ=৯৭.০০ কিঃ মিঃ। ৩। বোচাগঞ্জ উপজেলায় মোট ২৩টি করাত কল রহিয়াছে। তন্মধ্যে ১৯টির লাইসেন্স আছে বাকী ২টি প্রক্রিয়াধীন আছে। ৪। বর্তমানে বোচাগঞ্জ উপজেলায় বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের গাছ কর্তন বিষয়ে আবেদনের মাধ্যমে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। ইহা ছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা বন কর্মকর্তাকে যথাযথ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৫. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তরঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান যে, ১। সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে ৬টি ইউনিয়নে মোট ৭২ টি ৬নং পাম্পযুক্ত অগভীর তারা নলকুপের বরাদ্দ পাওয়া গেছে।<br>২। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর জেলার বোচাগঞ্জ উপজেলায় ঈশানিয়া ইউনিয়নের ঈশানিয়া গ্রামের মালীপাড়া মহল্লায় Pipe Water scheme With 02 nos Test Tubewell, 02 nos production well, 01 nos pump house,01nos R.C.C Over Head Water Tank, Mechanical Works, Electrical Works, Pipe Line/Water Distribution Network etc নির্মাণ কাজ চলমান। ৩। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে ৩০টি ওয়াশ ব্লক এর কাজ চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, আর্সেনিক মুক্ত টিউবয়েল স্থাপনসহ জনবান্ধব সকল কাজের জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশ দপ্তর, বোচাগঞ্জ,দিনাজপুর। |
| ১৬. | উপজেলা সমবায় দপ্তরঃ ১। সমবায় সমিতি সংক্রান্তঃ অত্র উপজেলায় অক্টোবর/২০২৪ খ্রিঃ পর্যন্ত মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫৭টি। সমিতিগুলো সরকারি উন্নয়নমূলক কার্যক্রম এবং দারিদ্র বিমোচন ও আত্মকর্মসংস্থানের জন্য কাজ করে যাচ্ছে। ইতিমধ্যে সমিতিগুলো নিজেস্ব অর্থায়নে ৭৫ জন বেকার যুবক/যুবতি কর্মী কোন প্রকার ঋণ/অনদান ছাড়া ক্ষুদ্রঋণ সঞ্চয়ের মাধ্যমে গঠিত তহবিল দ্বারা হিসাবে নিয়োগ দিয়েছে এবং ২৫৫ জন সমবায়ী আত্মকর্মসংস্থান হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণ করা হয়েছে ২৫,৫৭,০০০/-টাকা। আদায় করা হয়েছে ১০,২১,০৩৯/-টাক। ঋণ আদায় কার্যক্রম চলমান এবং সরকারী রাজস্ব আদায় করা হয়েছে ৩২,৫১০/-টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ২,৬১,৩১২/-টাকা। ইহাছারা অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এত্র উপজেলায় সমবায় দপ্তর হতে সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমবায় দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৭. | উপজেলা শিক্ষা দপ্তরঃ সভায় উপজেলা শিক্ষা অফিসার বোচাগঞ্জ জানান যে, প্রাথমিক স্কুলের শিশুর সংখ্যা কমে আসছে। শনিবার প্রাইভেট স্কুল বন্ধ রাখার সঃ প্রাঃ বিঃ ১৩২টি রয়েছে তাই সকল কর্মকর্তাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। এবং সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। সভায় তিন আরও জানান যে, নিয়মিত বিদ্যালয়ে গমন করেন তাহলে আমাদের শিক্ষকরা শিশুদের পাঠদানে অনেক বেশি মনোযোগী হবেন এবং শিশুরা আপনাদের লেখাপড়ার প্রতি আরো মনোযোগী ও উৎসাহী হবেন বলে মনে করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সঠিকভাবে স্কুল পরিচালনাসহ সকলক কাযক্রম বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ১৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোচাগঞ্জ, দিনাজপুর জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বর্তমানে ভালো আছে কিন্তু কিছু কিছু স্কুলে সমস্য হচ্ছে আশাকরি দ্রুততারসাথে ভালো হয়ে যাবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় মাধ্যমিক শিক্ষা দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরঃ। |

(চলমান পতা-৫)

| | | | |
|---|---|---|---|
| ১৯. | উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ৭.১. চলতি মাসে ঋণ বিতরণ হয়নি। অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২০. | উপজেলা আনসার ভিডিপিঃ উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরও বলেন যে আনসার সদস্যগণ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ডিউটি করছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২১. | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, অত্র বোচাগঞ্জ উপজেলায় বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মোট ১৬০টি সেচযন্ত্র স্থাপিত রয়েছে। উক্ত সেচযন্ত্রগুলি দিয়ে সষ্ঠুভাবে বর্তমান রবি মৌসুমে কৃষকদের চাহিদার ভিত্তিতে সেচ প্রদান করা হচ্ছে। উক্ত সেচযন্ত্রগুলির মধ্যে ১৩৫টি গভীর নলকুপ, ২০টি বিদ্যুৎ চালিত এলএলপি ও ০৫টি সোলার চালিত এলএলপি। ১৬০টি সেচযন্ত্র দিয়ে বোচাগঞ্জ উপজেলায় প্রায় ৭৪৮৬ হেক্টর জমিতে সেচ প্রদান করা হচ্ছে এবং ৮৬২০টি কৃষক পরিবার উপকৃত হয়েছে। ইহা ছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ কৃষক এর সেচ কার্যক্রম ন্যায্যতার ভিত্তিতে বাস্তাবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২২. | উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ সভায় জানান যে, ১০ বছর পর পর আমরা শুমারী করি। এবার অর্থনীতি সুমারী শুরু হবে নভেম্বর মাসে। জিডিপির ৩টি খাত রয়েছে। খাতগুলোতে কতগুলো জনবল রয়েছে তা গননা করা। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ এবং অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান দপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৩. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)ঃ অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপজেলায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ, বোচাগঞ্জ, দিনাজপুর। |
| ২৪. | সহকারী প্রোগ্রামারের কার্যালয়ঃ সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলার সকল দপ্তর প্রধানগণ যদি নিজনিজ দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখে তাহলে অত্র উপজেলার সকল মানুষ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জরুরী সেবা পাবেন তাই সকল দপ্তর প্রধানগণকে ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য সভায় অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র দপ্তরের সকল সরকারী কার্যক্রসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা, পরিষদ, বোচাগঞ্জ দিনাজপুর। |
| ২৫. | চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ১নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বর্তমানে বর্ষাকাল এসময় অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিশ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন।<br>চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ২নং ইউনিয়ন পরিষদ সভায় জানানযে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করে জনসাধারণের চলাচলের সু-ব্যবস্থা করার জন্য সভায় আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। জনসাধারনের সকল প্রকার কাজ চলমান রয়েছে।চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন।<br>চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ ঃ চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। | | |

| | | | |
|---|---|---|---|
| | <u>চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৩নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন।<br><u>চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৪নং ইউনিয়ন পরিষদ বোচাগঞ্জ, দিনাজপুর সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিশ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই।<br><u>চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৫নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিশ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় জোর আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই।<br><u>চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ ঃ</u> চেয়ারম্যান ৬নং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অত্র ইউনিয়ন পরিষদের সকল কাচা রাস্তাগুলি আকশের পানিতে খানখন্দ হওয়ার কারণে সাধারন মানুষের চলাচলের অসুবিধার সৃষ্টি হয়। তাই বর্ষাকালে রাবিষ দিয়ে খানাখন্দকগুলি ভরাট করার জন্য সভায় আলোচনা করেন। অত্র ইউনিয়ন পরিষদের বার্তমানে তেমন কোন সমস্যা নাই। | সভায় বিস্তারিত আলোচনান্তে, অত্র উপলেলার ৬টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৫টি ইউনিয়ন পরিষদ সংস্কারের নিমিত্ত প্রয়োজনী বরাদ্দ চেয়ে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাগণ, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ ও প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ, দিনাজপুর। |

পরিষদের সভাপতি জানান যে, সকল কর্মকর্তাগণকে একনিষ্ঠভাবে তাদের উপর অর্পিত দায়িত্ব প্রতিপালন করার আহবান জানান এবং শুভেচ্ছা জ্ঞাপন করে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৫/৬/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০৫৮৮৮৭৮৫৫৫

উপজেলা পরিষদ কার্যালয়
বোচাগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং-০৫.৫৫.২৭২১.০০০.১৫.০০১.১৫-২০১৮-৭২১ (৪০) তারিখ ঃ ২৫/০৬/২০২৫ খ্রিঃ।

ক্রঃনং <u>অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, দিনাজপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৫। প্রশাসক, সেতাবগঞ্জ পৌরসভা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৬। উপজেলা.............................................................................কর্মকর্তা, বোচাগঞ্জ, দিনাজপুর।
৭। অফিসার ইনচার্জ, বোচাগঞ্জ থানা,দিনাজপুর।
৮। চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ(সকল), বোচাগঞ্জ, দিনাজপুর।
৯। সভাপতি/সম্পাদক, বোচাগঞ্জ প্রেসক্লাব।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বোচাগঞ্জ, দিনাজপুরকে (উপজেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস

২৫/৬/২০২৫

(মোঃ মারুফ হাসান)
উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বোচাগঞ্জ, দিনাজপুর।
☏-০৫৮৮৮৭৮৫৫৫

CamScanner